"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

**জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী:**

| | |
|---|---|
| সভাপতি | : ড. আহমেদ মুনিরুছ সালেহীন<br>সচিব<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : ০৫ অক্টোবর ২০২১ খ্রি:<br>সকাল ১০:০০ টা |
| সভার স্থান | : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |

০২। সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা পরিশিস্ট 'ক' সদয় দ্রষ্টব্য।

০৩। সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" উদযাপন উপলক্ষ্যে এ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত বিভিন্ন কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়ন এবং মুজিববর্ষের চেতনায় উদ্বুদ্ধ হয়ে মর্যাদাভিত্তিক ও নৈতিক অভিবাসনের জন্য সভায় গুরুত্বারোপ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) সভার পটভূমি তুলে ধরেন। এ পর্যায়ে উপসচিব (প্রশাসন), প্রকবৈকম এবং মুজিববর্ষ বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব মনির হোসেন চৌধুরী পর্যায়ক্রমে কর্মসূচিসমূহ সভায় উপস্থাপনপূর্বক বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন। সভায় বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত উপকমিটিসমূহের আহবায়ক এবং সদস্য সচিব আলোচনায় অংশ গ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতভাবে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| কর্মসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| এজেন্ডা-১ | গ্রীসের এথেন্সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনটেনিয়াল স্কুল প্রতিষ্ঠা | (ক) দ্রুততম সময়ের মধ্যে স্কুল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গ্রীসের শ্রম কল্যাণ উইং-কে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ) গ্রীসের এথেন্সে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনটেনিয়াল স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে অবশিষ্ট অর্থ ছাড় নিশ্চিত করতে হবে। | মিশন ও কল্যাণ অনুবিভাগ |
| | সংযুক্ত আরব আমিরাতের রাস আল খাইমাতে স্কুল প্রতিষ্ঠা | (ক) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মাধ্যমে দ্রুত অর্থ ছাড় করতে হবে।<br>(খ) কারিগরি ও আর্থিক প্রস্তাব যাচাইপূর্বক দ্রুত কার্যাদেশ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ স্কুল প্রতিষ্ঠার যাবতীয় কার্যাবলী দ্রুততম সময়ের মধ্যে শেষ করতে সংশ্লিষ্ট দূতাবাসকে নির্দেশনা প্রদান করতে হবে। | |
| | রিয়াদ ও দাম্মামস্থ বাংলা স্কুল | (ক) সৌদি আরবের রিয়াদ ও দাম্মামে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সেনটেনিয়াল স্কুল প্রতিষ্ঠার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে কমিটি গঠনপূর্বক জমি ক্রয় করে স্কুলের কাজ শেষ করতে নির্দেশনা প্রদান করতে হবে। | |
| | বাহরাইনস্থ বাংলা স্কুল | দ্রুত অবশিষ্ট অর্থ ছাড় নিশ্চিত করতে হবে এবং স্কুলের কাজ দ্রুততম সময়ে শেষ করতে নির্দেশনা প্রদান করতে হবে। | |

| এজেন্ডা-২ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সকল টিটিসি/আইএমটি-তে স্কিল ডেভেলপমেন্ট প্রশিক্ষণসমূহ ডাবল শিফটকরণ | স্থানীয়ভাবে অতিথি বক্তার (Guest Speaker) পুল তৈরি করে নিয়মিত কোর্সের পাশাপাশি ডাবল শিফট চালুর বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) ও মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-৩ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| খেলাপি ঋণের তালিকা প্রণয়ন ও সুদ মওকুফকরণ | তালিকা অনুযায়ী খেলাপি ঋণের মূল টাকা পরিশোধ করা সাপেক্ষে সুদ মওকুফের বিষয়ে মাননীয় মন্ত্রীর নির্দেশনা বাস্তবায়নে আরো তৎপর হতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক |

| এজেন্ডা-৪ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২০২০ সালে বিনা অভিবাসন ব্যয়ে ১০০০ কর্মী বিদেশে প্রেরণ | অঙ্গীকার অনুযায়ী বিনা অভিবাসন ব্যয়ে কর্মী প্রেরণের কার্যক্রম অব্যাহত রাখবেন। | মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-৫ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সুবিধা বঞ্চিত ১০০০ যুব ও যুব মহিলাকে দক্ষ করে দেশে- বিদেশে কর্মসংস্থানের ব্যবস্থাকরণ | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) জেলা প্রশাসকদের মাধ্যমে তালিকা সংগ্রহপূর্বক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন। অতপর উপকমিটি করোনা পরিস্থিতি বিবেচনায় রেখে কর্মসংস্থানের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা উপস্থাপন করবেন। | অতিরিক্ত সচিব (প্রশিক্ষণ) ও মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-৬ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| বোয়েসেল কর্তৃক মুজিববর্ষ উপলক্ষ্যে ১০০ জন বীর মুক্তিযোদ্ধার সন্তানকে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশে প্রেরণ করা হবে | মুক্তিযোদ্ধার সন্তান পাওয়া গেলে অগ্রাধিকার ভিত্তিতে এবং পাওয়া না গেলে হত দরিদ্র, গরীব এবং অনগ্রসর এলাকা হতে বিনা অভিবাসন ব্যয়ে বিদেশ প্রেরণের অঙ্গীকার বাস্তবায়ন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল |

| এজেন্ডা-৭ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ভাটারার বিদ্যমান প্রকল্পটি পুনর্গঠন করে বঙ্গবন্ধুর নামে একটি আন্তর্জাতিক মানের ডায়াগনোস্টিক সেন্টার স্থাপন | কনসাল্টিং ফার্ম নিয়োগের নিমিত্ত দ্রুত আর্থিক মূল্যায়ন সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| এজেন্ডা-৮ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| মন্ত্রণালয়ের নীচতলায় দৃশ্যমান স্থানে বঙ্গবন্ধু গ্যালারি স্থাপন। | নীচতলায় বঙ্গবন্ধু গ্যালারি নির্মাণের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| এজেন্ডা-৯ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সকল টিটিসি/আইএমটিতে একই ডিজাইনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন। | ইতোমধ্যে সিদ্ধান্তটি বাস্তবায়িত হওয়ায় এ বিষয়ে বাস্তবায়নের একটি প্রতিবেদন দাখিল করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-১০ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| মন্ত্রণালয় কর্তৃক "SHEIKH MUJIB-A NATION'S FATHER" নামে একটি গ্রন্থ প্রকাশ। | প্রকাশকের সাথে সমন্বয়পূর্বক গ্রন্থস্বত্ব বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্টকে অর্পণের কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রশাসন অনুবিভাগ |

| এজেন্ডা-১১ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| বিদেশ ফেরৎ অভিবাসী কর্মীদের জন্য একটি রি-ইন্টিগ্রেশন সাপোর্ট সেন্টার স্থাপন। | সকল কার্যক্রম সম্পন্নপূর্বক আগামী ১৬ই ডিসেম্বর ২০২১ অথবা এরকম কোন বিশেষ দিবসে রি-ইন্টিগ্রেশন সাপোর্ট সেন্টার উদ্বোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |

| এজেন্ডা-১২ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| মাইগ্রেশন ইনফরমেশন এ্যাপস তৈরি করে অভিবাসীদের তথ্য প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিতকরণ। | মাইগ্রেশন ইনফরমেশন এ্যাপসের মাধ্যমে নিবন্ধিতদের তথ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। | মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-১৩ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| সকল টিটিসি ও আইএমটি'তে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ম্যুরাল নির্মাণ। | বঙ্গবন্ধু ট্রাস্ট থেকে ম্যুরালের নকশা প্রাপ্তির বিষয়ে যোগাযোগ রক্ষা করতে হবে এবং অনুমোদিত নকশা পাওয়া মাত্র বিএমইটি কাজ শুরু করবে। | মহাপরিচালক, বিএমইটি |

| এজেন্ডা-১৪ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| "মুজিববর্ষ" উপলক্ষ্যে মন্ত্রণালয়ের সকল নথি এবং চিঠিপত্রে অনুমোদিত লোগো ও স্লোগান ব্যবহার নিশ্চিতকরণ। | অনুমোদিত লোগো ও স্লোগান ব্যবহার অব্যাহত রাখতে হবে। | সকল উপকমিটি |

| এজেন্ডা-১৫ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| মন্ত্রিপরিষদ বিভাগে মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ। | মন্ত্রিপরিষদ বিভাগে হালনাগাদ প্রতিবেদন প্রেরণের নিমিত্ত স্ব-স্ব উপকমিটির কার্যক্রম মন্ত্রণালয়ের প্রশাসন শাখায় প্রেরণ করতে হবে। | সকল উপকমিটি |

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নে আরো যত্নশীল হবার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৭/১০/২১
ড. আহমেদ মুনিরুছ সালেহীন
সচিব

নং-৪৯.০০.০০০০.১৫.৩৩.০০৬.১৯-৮২৫

তারিখ: ১৮ অক্টোবর ২০২১খ্রি:

উপর্যুক্ত কার্যবিবরণীতে গৃহিত সিদ্ধান্তসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত কার্যবিবরণীটি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো:

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২ মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৩ মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
৪ ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।
৫ ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৬ অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
৭ পরিচালক (অর্থ ও কল্যাণ), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

৮ যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৯ মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **[মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]**।
১০ উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১ পরিচালক (বহির্গমন), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
১২ পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
১৩ পরিচালক (প্রশিক্ষণমান ও পরিকল্পনা), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
১৪ পরিচালক (আইটি সেল), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
১৫ সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **[সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]**।
১৬ সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৭ মহাসচিব, বায়রা, ঢাকা।
১৮ উপপরিচালক (প্রশাসন), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
১৯ উপপরিচালক (অর্থ ও বাজেট), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, ঢাকা।
২০ সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
২১ অফিস কপি।

(মনির হোসেন চৌধুরী)
উপসচিব
ফোন: ৪১০৩০২৪১
ই-মেইল: dsadmin@probashi.gov.bd

<u>অনুলিপিঃ</u>

১. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় **[সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে]**।
২. অফিস কপি।